মরণব্যাধি ক্যান্সার কেড়ে নিল সহকারী শিক্ষিকা সুমির প্রাণ

দীর্ঘ এক যুগ মরণব্যাধি ক্যানসারে আক্রান্ত হয়ে অবশেষে জীবন যুদ্ধে হেরে গেলেন মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা নাজনীন নাহার সুমি (৪৭)।

সুমি মেহেরপুর সদর উপজেলার পাটকেলপোতা গ্রামের বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট রফিক উল আলম এর বড় মেয়ে। নাননীজ নাহার সুমি ১৯৯৯ সালে মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষিকা হিসেবে যোগদান করে অদ্যবধি তিনি সেখানে কর্মরত ছিলেন। তার স্বামী আব্দুস সালাম ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ঝিনাইদহ দপ্তরের উপ-পরিচালক ও চুয়াডাঙ্গার বাসিন্দা।

পারিবারিক সূত্রে জানা যায়, ২০১৩ সালে তিনি প্রথম ব্রেস্ট ক্যান্সারে আক্রান্ত হয়। রোগ শনাক্তের পর থেকে তিনি ইন্ডিয়াতে চিকিৎসা নিয়ে স্বাভাবিক হয়ে যায়। পরবর্তীতে ২০২৩ সালে ক্যান্সারের জীবাণু আবারও মারাত্মক আকার ধারণ করে। তারপর থেকে তিনি এই দীর্ঘ সময় ঢাকা বিআরবি হাসপাতালে চিকিৎসা নেয়। সর্বশেষ গত আগষ্ট মাসের ২৯ তারিখে ঢাকা থেকে গ্রামের বাড়ীতে আনা হয়। পরবর্তীতে গত মঙ্গলবার (১৬/০৯/২৫) সন্ধ্যায় তাকে মেহেরপুরের তাহের ক্লিনিকে ভর্তি করা হয়। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৪ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃস্বাস ত্যাগ করে। মৃত্যুকালে তিনি দুই মেয়ে, স্বামী, বাবা-মা, ভাই সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আজ বুধবার সকাল ৮ টায় মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে জানাযা শেষে চুয়াডাঙ্গার জান্নাতুল মাওয়া কবরস্থানে শ্বশুরের পাশে তাকে দাফন করা হবে।

প্রশিক্ষণ কক্ষেই মারা গেলেন সহকারী শিক্ষিকা

প্রশিক্ষণ কক্ষেই হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেলেন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মূর্শিদা খাতুন মৌসুমী (৪২)।গতকাল শনিবার বিকাল সাড়ে তিনটার দিকে গাংনী উপজেলা রির্সোস সেন্টার (ইউআরসি) এ মর্মান্তিক ঘটনা ঘটে।

মূর্শিদা খাতুন মৌসুমী গাংনী উপজেলার মহম্মদপুর মধ্যপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা। তিনি একই গ্রামের অবসরপ্রাপ্ত সেনা সদস্য রাসেল আহমেদ মামুনের স্ত্রী।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক জিয়া মোহম্মদ আহসান মাসুম বলেন, শিক্ষাক্রম বিস্তরণ-২০২৪ এর আওতায় তিনদিন ব্যাপি শিক্ষকেদর প্রশিক্ষণ চলছে। আজ ছিল প্রশিক্ষণের দ্বিতীয় দিন। ঘটনার সময় শিক্ষিকা মৌসূমীর পাঠ প্রদর্শন চলছিল। পাঠ প্রদর্শণ চলা অবস্থায় অসুস্থ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন তিনি। এসময় অন্যান্য সহকর্মীরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

তিনি আরও বলেন, গাংনী সরকারি প্রাথমিক শিক্ষা অফিসের সহকারী শিক্ষা অফিসার (এটিও) আরিফুল ইসলাম ও মেহেরপুর পিটিআই এর প্রশিক্ষক আনিছুর রহমান প্রশিক্ষক হিসেবে দায়িত্বে ছিলেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক সীমা বিশ্বাস জানান, ওই শিক্ষিকা হাসপাতালের আসার আগেই মারা গেছেন। ধারণা করা হচ্ছে হার্ট এট্যাক হয়ে তার মৃত্যু হয়েছে।

হরিনাকুণ্ডুতে সহকারী

শিক্ষিকার রুহের মাগফিরাত কামনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দুরারোগ্য ক্যান্সারে মৃত্যুবরণকারী সহকারী শিক্ষিকা মমতাজ বেগম-এর রুহের মাগফিরাত কামনার্থে এক স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমাবার দুপুরে উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে এই স্মরণসভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাসান মাহমুদ ইমামের সভাপতিত্বে এবং ইমরুল কায়েস ও মুস্তাফিজুর রহমান টুটুলের যৌথ সঞ্চালনায় এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বেসরকারি শিক্ষক কর্মচারী ফোরামের উদ্যোগে আয়োজিত স্মরণসভায় বক্তব্য রাখেন ফোরামের সভাপতি অধ্যক্ষ এম মোক্তার আলী, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অধ্যক্ষ শহিদুল ইসলাম, জোড়াদহ কলেজের অধ্যক্ষ শিক্ষক নেতা শরিফুল ইসলাম, অধ্যক্ষ মাওঃ আসাদুজ্জামান, অধ্যক্ষ রবজেল হোসেন, প্রধান শিক্ষক সিরাজ উদ্দীন, সহকারি শিক্ষক কামরুজ্জামান, মরহুমার স্বামী ফিরোজ আলম (ফারুক), এসএসসি পরীক্ষার্থী হুমায়রা ইসমাত মহিমা প্রমূখ।

পরিশেষে স্মরণসভার সমন্বয়ক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদুল হক টিটু সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে বক্তব্য রাখেন। স্মরনসভা শেষে মরহুমার রুহের মাগফিরাত কামনা করে দোয়ামাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মাওঃ আব্দুর রশিদ। স্মরনসভায় বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান ও তাদের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।